



রিয়েলিটি শো 'বিগ বস'-এ আসছেন হলিউড তারকা পামেলা অ্যান্ডারসন। বুধবার। ৩ দিন নাকি থাকবেন বিগ বস-এর বাড়িতে। বলছেন, এটাই প্রথম ভারত সফর। যতটা সম্ভব ভারতীয় সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে চাই। বিগ বস-এর বাড়িতে এখন বলিউডের সীমা পরিহার, মনোজ তিওয়ারি, অস্মিত প্যাটেলরা।

হাত ধরে



প্রায় দেড়বছর তিনি নেই। ৯ বছর আগে বেরিয়েছিল 'ইনভিসিবল'। সোমবার মাঝরাতে শোনা যাবে মাইকেল জ্যাকসনের অপ্রকাশিত অ্যালবাম 'মাইকেল'-এর গান 'হোল্ড মাই হ্যান্ড'। মাইকেল জ্যাকসন ডট কমে। আগামী ১৪ ডিসেম্বর মুক্তি পাবে 'মাইকেল'।

গেলেন। কিছুক্ষণ পর রায়নার স্পিনে রাইডার (২০) ধরা দিলেন উইকেটের পেছনে ধোনির হাতে। নিউজিল্যান্ড শিবিরকে হঠাৎই যেন টলমল মনে হল। স্বীকৃত ব্যাটসম্যান বলতে বাকি আছেন অধিনায়ক ভেটরি। আর আছে পঞ্চম উইকেটের এই জুটি। আমেদাবাদ টেস্টে অভিষেক হওয়া উইলিয়ামসনের বৃকে (১২) চাপড় দিয়ে শুরুতে খেলতে নামা ম্যাকালাম যা বলে গেলেন, তাতে একটা ব্যাপারই স্পষ্ট, চালিয়ে যা বেটা। টেস্টে উইকেট কিপিংয়ের দায়িত্ব ছেড়ে দেওয়ার মূল কারণ ছিল ব্যাটিংয়ে আরও বেশি মন দেওয়া। সফরে এই প্রথম সেঞ্চুরি পেলেন ম্যাকালাম। ১২৪ রানে অপরাধিত আছেন। নিউজিল্যান্ড যতটা এগিয়েছে তাতে কান্ডারি

এরপর ৭ পাতায়

নেতা। রবিবার সন্ধ্যায় তমলুক থানার উত্তর মির্জাপুর গ্রামের ঘটনা। গ্রাম্য সালিশিসভার নামে রবিবার সন্ধ্যা থেকে রাত পর্যন্ত নারকীয় অত্যাচার চালানো হয় শুকদেব গোস্বামী নামে ওই যুবকের ওপর। অসহায় শুকদেবের মৃত্যুর পরেও চলে উন্মত্ততা। গ্রামের মোড়লরা প্রাথমিক বিদ্যালয়ের দোতলা থেকে মৃতদেহটি টেনেইঁচড়ে নিচে নামিয়ে আনে। এই ঘটনায় একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদিন গ্রামে গিয়ে দেখা গেল, স্কুল বন্ধ। দোতলার একটি ঘরে

আবার পুরনো সেই ঘটনা নিয়ে নাড়াচাড়া শুরু করে মাতব্বররা। তারা ঘোষণা করে, 'শুকদেবের এখনও শাস্তি বাকি আছে। পুলিশের কাজ পুলিশ করেছে। গ্রাম কমিটি আলাদা সালিশিসভা করে বিচার করবে।' আগেই এক লক্ষ টাকা জরিমানা ধার্য হয়েছিল। পেশায় জামাকাপড়ের ফেরিওয়ালা শুকদেব বহু কষ্টে ৮ হাজার টাকা জোগাড় করেছিল। গ্রাম কমিটির হাতে সেই টাকা তুলেও দিয়েছিল সে। কিন্তু বকেয়া

এরপর ২ পাতায়

সমাজ বদলের লক্ষ্যে প্রবাসীর ৪ কোটি

চন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বোলপুর

১৫ নভেম্বর— নিজের পকেটের টাকা খরচ করে ১০ বছর ধরে তিলে তিলে সমাজ পরিবর্তনের কাজ করে চলেছেন প্রবাসী বাঙালি ড. দেবপ্রসন্ন চৌধুরি। এখনও পর্যন্ত খরচ করেছেন প্রায় চার কোটি টাকা। সরস্বতী আর লক্ষ্মীর সহাবস্থান চৌধুরিবাড়িতে। ৫টি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও দুটি বিষয়ে পিএইচ ডি করে এখন আংশিক সময়ের অধ্যাপনার পাশাপাশি সৌদি আরবে একটি তেল কোম্পানির উচ্চপদে আসীন দেবপ্রসন্নবাবু। স্ত্রী প্রিয়া চৌধুরি স্ত্রীরোগ বিশেষজ্ঞ। দেবপ্রসন্নর বাবা বোলপুর ব্লকের অজ পাড়াগাঁ পাবশোয়ার প্রয়াত দেবকালিকাবাবু ছিলেন সেই সময়কার চার্চার্ড অ্যাকাউন্ট্যান্ট। কয়েতের একটি কোম্পানির অর্থ উপদেষ্টা ছিলেন। ছেলে দেবপ্রসন্ন বোলপুর নিচুপট্ট নীরদবরণী উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত পড়াশোনা করে চলে যান রামকৃষ্ণ মিশনে পড়তে। তার পর থেকে পড়াশোনা ও কর্মসূত্রে নানা দেশে কাটিয়ে পাকাপাকিভাবে বসবাস শুরু করেন সৌদি আরবে। কিন্তু ভুলে যাননি নিজের মাটি। ২০০০ সালে 'দেবকালিকা চৌধুরী চ্যারিটি অ্যান্ড



ড. দেবপ্রসন্ন চৌধুরি

সরকার তো দূরের কথা, নেন না কারও সাহায্য। এমনকি বিনা পয়সায় পাওয়া যায় জেনেও নেন না ওষুধের স্যাম্পল। উদ্দেশ্য, এই কেন্দ্রের ছেলেমেয়েদের সোশ্যাল চেঞ্জার তৈরি করা। যাতে তারাও এই একই উদ্দেশ্য নিয়ে সমাজ পরিবর্তনের কাজ করতে পারে।

ডেভেলপমেন্ট সেন্টার' স্থাপন করে শুরু করলেন কাজ। দেখভালের জন্য এগিয়ে এলেন বন্ধু দিলীপ। বোলপুরের মিশন গ্রাউন্ডে তৈরি হল স্বাস্থ্যকেন্দ্র। বিনা পয়সায় গরিব মানুষের চিকিৎসা। ওষুধ দেওয়ার পাশাপাশি শিশু রোগীদের জন্য এখানে হয় স্বাস্থ্যকর খাবার। ১০ বছরে প্রায় ১ লাখ রোগীর চিকিৎসা হয়েছে এখানে। স্বাস্থ্যের পাশাপাশি শিক্ষা ও পরিবেশের ওপর কাজ শুরু করেছেন এবার। পাশাপাশি চলছে মেধা ও অর্থ— দুই-ই না থাকা ছেলেমেয়েদের কোচিংয়ের ব্যবস্থা। সবটাই বিনা পয়সায়। প্রশিক্ষণরত মেয়েদের তৈরি জামাকাপড়ও পুজোর সময় বিলি করা হয় গরিবদের মধ্যে। আজ পর্যন্ত এ সব কথা জানেন না অনেকেই। কারণ প্রচারের ঢাক পেটালে লক্ষ্যভ্রষ্ট হওয়ার সম্ভাবনা বেশি বলেই মনে করেন দেবপ্রসন্নবাবু। বছরে সব মিলিয়ে ২৫ লাখ টাকা দিতে হয় তাঁর পকেট থেকেই।

আজকাল জনমত

বিদেশি ছাড়াই কলকাতা ফুটবল সাবালক?

গতকালের
প্রশ্ন

এবার মায়ান